# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 29 June, 2025

রাজধানীর বিজয় স্মরণী এলাকায় মাইক্রোবাস ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে দুই যুবক নিহত হয়েছেন।

ঘটনাটি ঘটে শনিবার (২৯ জুন) দিবাগত রাত ৩টার দিকে প্রধান উপদেষ্টার কার্যালয়ের সামনে, কাফরুল থানাধীন এলাকায়।

পুলিশ ও হাসপাতাল সূত্রে জানা যায়, দুর্ঘটনার পর মোটরসাইকেলের দুই আরোহীকে গুরুতর আহত অবস্থায় উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল এবং শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়।সেখানে চিকিৎসক দুজনকেই মৃত ঘোষণা করেন। নিহতদের বয়স আনুমানিক ২২ ও ২৩ বছর।

তেজগাঁও থানার এসআই জান্নাতুল ফেরদৌস বাদল জানান:

“৯৯৯-এ সংবাদ পেয়ে আমরা ঘটনাস্থলে পৌঁছে দুইজনকে মুমূর্ষু অবস্থায় পাই।জানা গেছে, তারা একটি মোটরসাইকেলে ছিলেন এবং কারও মাথায় হেলমেট ছিল না।দুজনেরই পরনে ছিল হাফপ্যান্ট ও গেঞ্জি।”

কাফরুল থানার ওসি আব্দুল্লাহ আল মামুন দুর্ঘটনার বিষয়টি নিশ্চিত করে বলেন:

“বিজয় স্মরণী লিংক রোডে মাইক্রোবাস ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে দুইজন যুবক নিহত হয়েছেন।এখনো তাঁদের পরিচয় জানা যায়নি, চেষ্টা চলছে শনাক্ত করার।”

দুর্ঘটনা সড়ক দুর্ঘটনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 22:55

URL: https://www.timestodaybd.com/national/3890775807